23 AUG 2016

দৈনিক
ইত্তেফাক

# উপজেলা পর্যায়ে ভালো করেছে যেসব কলেজ

সদ্য প্রকাশিত এবারের উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় বিভিন্ন উপজেলা পর্যায়ে যেসব কলেজ ফলাফলে এগিয়ে রয়েছে তাদের সংবাদ পাঠিয়েছেন ইত্তেফাক সংবাদদাতারা।

**কসবা (ব্রাহ্মণবাড়িয়া) উপজেলায় কসবা মহিলা ডিগ্রি কলেজ শীর্ষে:** এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন উপজেলার ৮টি কলেজের মধ্যে কসবা মহিলা ডিগ্রি কলেজ শীর্ষে রয়েছে। এ কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ২২ শিক্ষার্থী।

কসবা মহিলা ডিগ্রি কলেজ থেকে অংশ নেওয়া ৩২৪ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩০৯ জন। পাসের হার ৯৫.৩৭।

**সুজানগর (পাবনা) উপজেলায় সুজানগর এনএ কলেজ শীর্ষে:** ফলাফলের দিক থেকে পাবনার সুজানগর নিজাম উদ্দিন আজগর আলী ডিগ্রি কলেজ উপজেলার মধ্যে শীর্ষে রয়েছে। এনিয়ে কলেজটি পরপর তিন বছর উপজেলার মধ্যে সেরা হওয়ার গৌরব অর্জন করলো। এবছর কলেজটি থেকে এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়া ২৫৪ শিক্ষার্থীর মধ্যে কৃতকার্য হয়েছে ২২৭ জন। এর মধ্যে ৫৪ জন জিপিএ-৫ পেয়েছে। কলেজের অধ্যক্ষ আব্দুল হালিম জানান, শ্রেণি কক্ষে অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর সুষ্ঠু ও সময়োপযোগী পাঠদান এবং শিক্ষার্থীদের অধ্যবসায়ের কারণে এই ফলাফল অর্জিত হয়েছে। উল্লেখ্য, কলেজটি সরকারের জাতীয়করণের তালিকাভুক্ত হয়েছে।

**মান্দা (নওগাঁ) উপজেলায় মমিন শাহানা ডিগ্রি কলেজ শীর্ষে:** এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে নওগাঁর মান্দা উপজেলার মমিন শাহানা ডিগ্রি কলেজ শীর্ষ স্থান লাভ করেছে। কলেজের অধ্যক্ষ বেদারুল ইসলাম জানান, এবারের পরীক্ষায় ৪১৬ জন অংশ নিয়ে পাস করেছে ৩০৫ শিক্ষার্থী এবং জিপিএ-৫ পেয়েছে ৬ জন। তাছাড়া, উপজেলার চকউলী ডিগ্রি কলেজ থেকে এবারে এইচএসসি পরীক্ষায় ১৪৫ শিক্ষার্থী অংশ নিয়ে ১৪২ জন পাস করেছে। এছাড়া গোদগাড়ী শহীদ মামুন হাই স্কুল এন্ড কলেজ থেকে ৫৩ পরীক্ষার্থী অংশ নিয়ে ৫১ জন কৃতকার্য হয়েছে।

**সখীপুর (টাঙ্গাইল) উপজেলায় শীর্ষে বিএএফ শাহীন কলেজ:** টাঙ্গাইলের সখীপুর উপজেলার নয়টি কলেজের মধ্যে এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে পাহাড় কাঞ্চনপুর বিএএফ শাহীন কলেজ সেরা হয়েছে। এই কলেজ থেকে ২০৬ শিক্ষার্থী পরীক্ষা দিয়ে ১৯৬ জন পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ৬৪ জন।

**এইচএসসি পরীক্ষা ২০১৬**

**কালাই (জয়পুরহাট) উপজেলায় নান্দাইল দীঘি কলেজ শীর্ষে:** উপজেলার ৪টি কলেজের মধ্যে নান্দাইল দীঘি কলেজ শীর্ষ স্থান অর্জন করেছে। উপজেলার মোট ১১ জন জিপিএ-৫ প্রাপ্তদের মধ্যে ৯ জন কালাই মহিলা ডিগ্রি কলেজের শিক্ষার্থী। এ কলেজ থেকে অংশ নেওয়া ৮৭ পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৭৯ জন ও জিপিএ-৫ পেয়েছে ১ জন। পাসের হার শতকরা ৯০.৮০%। তাছাড়া, কালাই মহিলা ডিগ্রি কলেজ থেকে এবার ২৩৪ ছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে ২০৩ জন। এদের মধ্যে ৯ জন জিপিএ-৫ পেয়েছে। কলেজটিতে পাসের হার শতকরা ৮৬.৭৫%।

**পাঁচবিবি (জয়পুরহাট) উপজেলায় সড়াইল কলেজ শীর্ষে:** জয়পুরহাটের পাঁচবিবিতে এবার এইচএসসি পরীক্ষার ফলাফলে সড়াইল আদর্শ কলেজ শীর্ষে রয়েছে। সড়াইল আদর্শ কলেজ থেকে ৯১ জনের মধ্যে ৬৬ জন পাস করেছে। পাসের হার শতকরা ৬৬.৬৭ ভাগ।

**হোমনা (কুমিল্লা) উপজেলায় হোমনা ডিগ্রি কলেজ শীর্ষে:** এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে উপজেলার মেধা তালিকায় হোমনা ডিগ্রি কলেজ শীর্ষ স্থান লাভ করেছে। এ প্রতিষ্ঠান থেকে ৪৪৭ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে ৩৭৫ জন কৃতকার্য হয়। পাসের হার ৮৩.৮৯%। এরমধ্যে ১১ জন জিপিএ-৫ পেয়েছে।

**গোপালদী বাজার (নারায়ণগঞ্জ) উপজেলায় নজরুল ইসলাম বাবু কলেজ শীর্ষে:** উপজেলায় ফলাফলের শীর্ষে রয়েছে গোপালদী নজরুল ইসলাম বাবু কলেজ। উপজেলা পর্যায়ে প্রথম ও জেলা পর্যায়ে ২য় হয়েছে কলেজটি। গোপালদী নজরুল ইসলাম বাবু কলেজে ১৫৪ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১৫২ জন। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪ জন। পাসের হার ৯৮.৭০ %।

**বামনা (বরগুনা) উপজেলায় ফায়জুন্নেসা মহিলা ডিগ্রি কলেজ শীর্ষে:** এ বছরের এইচএসসি পরীক্ষার ফলাফলে বরগুনা জেলার বামনা উপজেলার ৪টি কলেজের মধ্যে ফলাফলের ভিত্তিতে বেগম ফায়জুন্নেসা মহিলা ডিগ্রি কলেজ শীর্ষে রয়েছে। ২৭৯ পরীক্ষার্থী অংশগ্রহণ করে পাস করেছে ২২১ জন। পাসের হার ৭৯.৭৩%।